# 52724 - পতিার ওসয়িত সন্তানরো বাস্তবায়ন করনেি

## প্রশ্ন

আমার বাবা মারা গছেনে। তনিি ওয়ারশিদরে জন্য অনকে সম্পদ রখেে গছেনে; শুধু একটি বাড়ী ছাড়া। এ বাড়ীটি তনিি আল্লাহর ওয়াস্তে ওয়াকফ করা ও এর ভাড়া (সদকায়ে জারয়িা হসিবে) গরীব ও দরদ্রি মানুষদরে জন্য খরচ করার ওসয়িত করে গছেনে। কন্তিু ওয়ারশিগণ তাঁর ওসয়িতটি পূরণ করনেি। বরং ওয়ারশিরা সকলে ছোটে ভাইয়রে কাছে তাদরে অংশ বক্রিি করে দয়িছে। বড় ভাই হসিবে আমি আমার অংশ আল্লাহর ভয়ে তার কাছে বক্রিি করনিি। কন্তিু আমার ছোটে ভাই আমাকে প্রচণ্ড চাপ দচ্ছিে যনে আমওি আমার অংশ তার কাছে বক্রিি করে দইি। এখন আমার জন্যে কি আমার অংশ বক্রিি করে সইে অর্থ কোনে দাতব্য প্রতষ্ঠিান কংিবা (সদকায়ে জারয়িা হসিবে) আমার মরহুম পতিার জন্য একটি মসজদি বানানোর কাজে খরচ করার মাধ্যমে এ সমস্যা নরিসন করা জায়যে হবে?

## প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

ওসয়িত করার বধিান কুরআন, হাদসি ও ইজমা দ্বারা সাব্যস্ত। আল্লাহ তাআলা বলনে: "তোমাদরে কারো যখন মৃত্যু উপস্থতি হয়, সে যদি কছিু ধন-সম্পদ রখেে যায়, তবে তার জন্য পতিা-মাতা ও নকিটাত্মীয়দরে জন্য ইনসাফরে সাথে ওসয়িত করা ফরজ করা হলো; মুত্তাকীদরে উপর এটি অত্যাবশ্যক।"[সূরা বাকারা, আয়াত: ১৮০]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: "আল্লাহ তোমাদরে মৃত্যুর সময় নজিদেরে সম্পদরে এক তৃতীয়াংশ তোমাদরে উপর দাক্ষণ্যি করছেনে যনে তোমরা এর দ্বারা নকে আমল বাড়াতে পার।"[সুনানে ইবনে মাজাহ, (২৭০৯); আলবানি সহহি ইবনে মাজাহ গ্রন্থে হাদসিটরি সনদকে 'হাসান' বলছেনে]

'ওয়াকফ' সদকায়ে জারয়িার একটি প্রকার; যা দয়িে মানুষ মৃত্যুর পরওে উপকৃত হতে থাকে। যমেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "মানুষ মরে গলেে তার আমল বন্ধ হয়ে যায়; তবে তনিটি আমল ব্যতীত: সদকায়ে জারয়িা, উপকারী ইলম কংিবা নকে সন্তান; যে তার জন্য দুআ কর।"[সহহি মুসলমি (১৬৩১)]

সম্পদরে এক তৃতীয়াংশরে বশেি ওসয়িত করা জায়যে নইে। দললি হচ্ছে সাদ বনি আবু ওয়াক্কাসকে উদ্দশে্যে করে নবী

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণী; সাদ যখন তার সকল সম্পত্তি দিয়ে ওসিয়ত করতে চাইলেন তখন তিনি তাকে বললেন: "এক তৃতীয়াংশ; এক তৃতীয়াংশ তো অনেক"[সহিহ বুখারী (২৭৪২) ও সহিহ মুসলিম (১৬২৮)]

সুতরাং এ বাড়ীটি যদি পরিত্যক্ত সম্পত্তির এক তৃতীয়াংশ হয় বা এর চেয়ে কম হয় তাহলে গোটা বাড়ীটি ওয়াকফ সম্পত্তি। আর যদি এক তৃতীয়াংশের বেশি হয় তাহলে সম্পত্তির এক তৃতীয়াংশ এ বাড়ীর যতটুকু অংশ হয় ততটুকু ওয়াকফ সম্পত্তি।

দুই:

ওয়াকফ সম্পত্তি বিক্রি করা, এর মালিকানা গ্রহণ করা কিংবা জবরদখল করা জায়েয নেই। অনুরূপভাবে মীরাছের সম্পত্তির মধ্যে গণ্য করে ভাগ করে ফেলাও জায়েয নেই।

উমর বিন খাত্তাব (রাঃ) কর্তৃক বর্ণিত হাদিসে এসেছে তিনি যখন খায়বারে তার মালিকানাধীন একটি জমি ওয়াকফ করতে চাইলেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন: "এটি বিক্রি করা যাবে না, কাউকে উপহার দেয়া যাবে না, কেউ এর ওয়ারিশ হতে পারবে না..."[সহিহ বুখারী (২৭৬৪) ও সহিহ মুসলিম(১৬৩৩)]

উপরোক্ত আলোচনার ভিত্তিতে আপনার জন্য আপনার ভাইয়ের কাছে এ সম্পত্তি বিক্রিতে সায় দেয়া জায়েয হবে না। বরং এ বাড়ীটির মালিক তো আপনি নন যে, আপনি সেটা বিক্রি করবেন। আর বর্তমানে আপনি যেহেতু তাদের সামনে বাধা সুতরাং কোন অবস্থায় আপনি হার মানবেন না। বরং আপনি অস্বীকার করে যান; এক পর্যায়ে আল্লাহ হয়তো তাকে হেদায়েত করবেন।

আর ইতিপূর্বে আপনার ভাইয়েরা যে তার কাছে বাড়ীটির অংশ বিক্রি করেছে সে লেনদেন সঠিক হয়নি।

তাদের প্রতি আপনার কর্তব্য হচ্ছে- আল্লাহকে ভয় করার উপদেশ দেয়া, আপনার ছোট ভাই থেকে গ্রহণকৃত অর্থ ফিরিয়ে দেয়ার পরামর্শ দেয়া এবং বাড়িটিকে ওয়াকফ হিসেবে ছেড়ে দেয়া যেভাবে আপনাদের পিতা ওসিয়ত করে গেছেন।

তাদেরকে আল্লাহর শাস্তির ভয় দেখান। হারাম সম্পদ ভক্ষণ করার ভয় দেখান। হারাম সম্পদ দিয়ে যে দেহ গঠিত হয় সে দেহে জাহান্নামের আগুনে জ্বলাই উপযুক্ত।

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করি তিনি যেন তাদেরকে হেদায়েত করেন এবং আপনাদেরকে দুনিয়া ও আখেরাতের কল্যাণ অর্জন করার তাওফিক দেন।

আল্লাহই ভাল জানেন।